গাংনীতে গাঁজা রাখার অপরাধে মাদকসেবীর এক মাসের কারাদণ্ড

গাঁজা রাখার অপরাধে মীর মুকুল (৪৫) নামের এক মাদকসেবীকে এক মাসের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। মেহেরপুর জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় আজ বুধবার দুপুরে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালন করেন সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলম।

দণ্ডিত মীর মুকুল গাংনী ভিটাপাড়ার মীর মহসিন আলীর ছেলে।

জানা গেছে, মেহেরপুর জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল অভিযান চালিয়ে গাংনী সবজি বাজারের সামনে থেকে মীর মুকুলকে দুই পুরিয়া গাঁজাসহ আটক করতে সক্ষম হয়। এসময় গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলম মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে তাকে দোষী সাব্যস্ত করে এক মাসের কারাদণ্ডাদেশ দেন। দণ্ডিত মীর মুকুলকে গাংনী থানার মাধ্যমে জেলা কারাগারে প্রেরণ করা হচ্ছে।

অভিযানে উপস্থিত ছিলেন মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মেহেরপুরের পরিদর্শক আব্দুল মান্নান, উপ পরিদর্শক খাসরু আলম মামুন, সহকারি উপ পরিদর্শক রুহুল আমিন ও জিএম শহিদুল ইসলাম।

গাংনী সাব-রেজিস্টারের শাস্তির দাবীতে দলীল লেখক সমিতির কলম বিরতী

গাংনী উপজেলা সাব-রেজিস্ট্রার মাহফুজ রানার বিরুদ্ধে অনিয়ম, দুর্নীতি,স্বেচ্ছাচারিতা ও ঘুষ বাণিজ্যের প্রতিবাদ এবং শাস্তির দাবীতে কলম বিরতি শুরু করেছে দলিল লেখক সমিতি। আজ বুধবার সকাল ৯টা থেকে গাংনী উপজেলা দলিল লেখক সমিতি কলম বিরতির ঘোষণা দেন তারা।

কলম বিরতিকালে দলিল লেথক সমিতির সভাপতি আব্দুল্লাহ আল মামুন পিন্টু বলেন, অতিরিক্ত টাকা ছাড়া সাবরেজিস্ট্রার কোনো দলিল রেজিস্ট্রি করেন না। খোড়া অজুহাতে তিনি সাধারণ মানুষকে দিনের পর দিন হয়রানী করেন। আমরা যারা দালিল লেখক রয়েছি তাদের মধ্যে অনেকেই বয়স ও পেশায় সিনিয়ির ব্যাক্তি রয়েছেন তাদের সাথে অনেক খারাপ আচরণ করেন।

এসয় বক্তব্য রাখেন, দলিল লেখক সমিতির সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক আবুল কালাম, জেলা কৃষকলীগের সাবেক সাধারণ সম্পাদক মজিবুর রহমান, সাবেক সভাপতি ফাকের আলী, সদস্য হাসানুজ্জামান ও শওকত আলী প্রমুখ। এবিষয়ে সাব রেজিস্ট্রার মাহফুজ রানার সাথে যোগাযোগ করা হলে তিনি ছুটিতে থাকায় তার মোবাইল ফোনে কল করা হলে তিনি রিসিভ না করায় মন্তব্য নেয়া সম্ভব হয়নি।

গাংনী উপজেলা আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

দীর্ঘ ১৮ বছর পরে গাংনী উপজেলা আওয়মী লীগের সম্মেলন হতে যাচ্ছে। সম্মেলন আয়োজনের লক্ষ্যে আজ বুধবার দুপুরে গাংনী উপজেলা মিলনায়তনে এক বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। গাংনী উপজেলার প্রতিটি ইউনিয়ন ও পৌরসভা এবং উপজেলা আওয়ামী লীগের কাউন্সিলের মাধ্যমে কমিটি পুনর্গঠন করা হবে।

এর আগে ২০০৪ সালের সম্মেলনের মাধ্যমে সর্বশেষ গাংনী উপজেলা আওয়া লীগের কমিটি গঠন করা হয়েছিল।
বর্ধিত সভায় সভাপতির বক্তব্যে কাউন্সিলের বিষয়কবস্তু তুলে ধরেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা ও পৌর মেয়র আহম্মেদ আলী, সিরাজুল ইসলাম, মোকলেছুর রহমান মুকুল, নুরজাহান বেগমসহ উপজেলা ও ইউনিয়ন আওয়ামী লীগ নেতৃবৃন্দ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেয়ে বাড়িতে নেই। তখন স্কুল, প্রাইভেট স্যার-সহ সব জায়গায় খোঁজ করি। তারপর একটি ছোট ছেলে জানায়, প্রীতি টোটোতে (ইজিবাইক) চড়ে একটি ছেলের সঙ্গে যেতে দেখেছে সে। এ ছাড়া সেখানে কাজ করে আল-আমিন নামে বাংলাদেশি একজন জানায়, প্রীতি মিলনের (ইতির প্রেমিক) সঙ্গে পালিয়ে গেছে।

ইতি আরও জানান, ২০২১ সালের ২১ জুন সকালে নিখোঁজ হয় তার মেয়ে। মিলন ও আল- আমিন অবৈধভাবে ভারতে গিয়ে কৃষ্ণনগর শহরে কাজ করতেন। থাকতেন তাদের এলাকায়।

রংপুরের সিআইডি ইনসপেক্টর এনায়েতুর রহমান জানান, এরপর ২৬ জুন সকালে রংপুর কোতোয়ালি থানা পুলিশ উদ্ধার করে প্রীতিকে। সেই থেকে তাকে রাখা হয় রংপুর শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পূর্ণবাসন কেন্দ্রে। প্রেমিক মিলনের হাত ধরে বেনাপোল বর্ডার দিয়ে পালিয়ে বাংলাদেশে চলে এসেছিল প্রীতি।

এদিকে, প্রীতিকে উদ্ধারের পর তার প্রেমিক মিলন (২২) ও তার সহযোগী হাবিবুরের (২৩) বিরুদ্ধে মানব পাচার আইনে মামলা করে পুলিশ। পরে তাদের আটক করা হয়। এরপর তারা জামিনে মুক্ত হন। দীর্ঘ ৮ মাস সেফহোমে থেকে আপন ঠিকানায় ফিরল প্রীতি পন্ডিত।

আলমডাঙ্গায় অবৈধ ২ ইট ভাটায় অভিযান, চার লাখ টাকা জরিমানা

আলমডাঙ্গায় অবৈধভাবে গড়ে ওঠা দুটি ইট ভাটার মালিককে চার লাখ টাকা জরিমানা করেছে জেলা প্রশাসন।
মঙ্গলবার সকাল থেকে দুপর পর্যন্ত আলমডাঙ্গা উপজেলা এলাকায় এ অভিযান পরিচালনা করেন জেলা প্রশাসনের সহকারী নির্বাহি ম্যাজিস্ট্রেট (এনডিসি) জাকির হোসেন।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলায় প্রায় ২০ টি ইট ভাটা রয়েছে। কিছু ভাটায় বৈধ কাগজপত্র থাকলেও অনেক ভাটায় নেই পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ও ভাটা পরিচালনার নবায়ন সনদপত্র। এছাড়াও দীর্ঘদিন যাবৎ

আলমডাঙ্গা উপজেলায় ৫/৬ টি ইট ভাটায় কয়লার বদলে পুড়ানো হচ্ছে বনজ গাছপালা। যা পরিবেশের জন্য ক্ষতিকর।

তারই ধারাবাহিকতায় আলমডাঙ্গার দুটি ভাটায় জেলা প্রশাসনের নির্বাহি ম্যাজিস্ট্রেট জাকির হোসেন মোবাইল কোর্ট পরিচালনা করেন। এসময় কুমারি ইউনিয়ন বন্ডবিল এলাকার মতিয়ার রহমান বাবুর (এমএসবি) ব্রিকসে ২ লাখ টাকা ও ডাউকি ইউনিয়নের বিনেতপুর যমুনা মাঠের শহিদুল ইসলামের ইট ভাটায় ২ লাখ টাকা জরিমানা করেন।

মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে জেলার নির্বাহি ম্যাজিস্ট্রেট (এনডিসি) জাকির হোসেন বলেন, আলমডাঙ্গায় অবৈধ দুটি ইট ভাটায় ৪ লাখ টাকা জরিমানা করা হয়েছে। যাদের ইট ভাটার কাগজপত্রে ত্রুটিপূর্ণ রয়েছে তারা যেনো দ্রুত কাগজপত্র সংশোধন করে নেয়। পরিবেশ ও ভাটা পরিচালনার কাগজপত্র না করলেও আবারো পর্যায়ক্রমে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে।

ঝিনাইদহে কৃষক চান্নু মিয়া হত্যা মামলায় রায়

ঝিনাইদহে কৃষক চান্নু মিয়া হত্যার চাঞ্চল্যকর মামলায় ১ জনের আমৃত্যু, ৫ জনের যাবজ্জীবন ও ১৭ জনের ১ বছর করে কারাদন্ড দিয়েছে আদালত।

মঙ্গলবার দুপুরে জেলার অতিরিক্ত দায়রা জজ ১ম আদালতের বিচারক মোঃ শওকত হোসাইন এ দন্ডাদেশ প্রদাণ করেন।

মামলার সংক্ষিপ্ত বিবরণে জানা যায়, ২০০৭ সালের ৮ এপ্রিল সদর উপজেলার করিমপুর গ্রামে পুর্ব শত্রুতার জের ধরে কৃষক চান্নু মিয়াকে কুপিয়ে হত্যা করে আসামীরা।

এ ঘটনায় পরদিন নিহতের পিতা শাহাদাত হোসেন বাদি হয়ে ৩০ জনকে আসামী করে সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করে। তদন্ত শেষে ওই বছরের ৩০ জুন ৩০ জনকে অভিযুক্ত করে আদালতে চার্জশীট দাখিল করে

তদন্তকারী কর্মকর্তা।

দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে আদালত মামলার আসামী বজলু মিয়াকে আমৃত্যু, তফসের আলী, আব্দুল জলিল, তিতু, ইকতিয়ার ও আব্দুল আলিমকে যাবজ্জীবন কারাদন্ড প্রদাণ করেন।

এ মামলায় আরও ১৭ জনকে ১ বছর করে কারাদন্ডাদেশ প্রদাণ করা হয়। অভিযোগ প্রমাণিত না হওয়ায় ৩ জনকে খালাস দেয় আদালত। মামলা চলাকালে মৃত্যুবরণ করায় ৪ জনকে মামলা থেকে অব্যহতি দেওয়া হয়েছে।

আসামী পক্ষের আইনজীবী এ্যাড. নেকবার হোসেন বলেন, আমরা ন্যায় বিচার পায়নি। আমার উচ্চ আদালতে আপিল করবো।

রাষ্টপক্ষের আইনজীবী অতিরিক্ত পিপি এ্যাড. আব্দুল খালেক বলেন, আমরা এ হত্যার মামলা আসামীদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণ করতে সক্ষম হয়েছি। আমরা আরও কঠোর শাস্তি আশা করেছিলাম। কিন্তু আদালত যা রায় দিয়েছেন তাতেও আমরা সন্তুষ্ট।

ঝিনাইদহে ৫ দিন ব্যাপী আবাসিক ফুটবল ক্যাম্পের সমাপনী ও সনদ বিতরণ

ঝিনাইদহে ৫ দিন ব্যাপী আবাসিক ফুটবল ক্যাম্পের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। সেসময় উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, জেলা ক্রীড়া অফিসার মাহবুবুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে ৫ দিন ব্যাপী আবাসিক ফুটবল ক্যাম্পে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

জেলা ক্রীড়া অফিসার মাহবুবুর রহমান জানান, ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচীর আওতায় জেলা ক্রীড়া অফিস এ ক্যাম্পের আয়োজন করে। এতে জেলার ৬ টি উপজেলার ২৪ জন বাছাইকৃত ফুটবল খেলোয়াড় অংশ নেয়।

গাংনীর নওপাড়াতে মটারের সুইচ দিতে গিয়ে শিশু বিদ্যুৎস্পৃষ্ট

টিউবওয়েলের পাশে মটারের বিদ্যুতের সুইচ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে রাব্বী হোসেন (৬) নামের এক শিশু মারাত্বক আহত হয়েছে। রাব্বী হোসেন গাংনী উপজেলার নওপাড়া গ্রামের মিরাজুল ইসলামের ছেলে।

মঙ্গলবার বিকালে বাড়ির মধ্যে টিউবওয়েলের পাশে মটারের সুইচ দিতে গিয়ে এ ঘটনা ঘটে।

রাব্বী হোসেনের দাদী সুফিয়া খাতুন জানান, খেলা করছিল রাব্বী হোসেন। হঠাৎ সে টিউবওয়েলের পাশে মটারের সুইচ দিতে যায়। বিদ্যুৎস্পৃষ্ট হলে আহত অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নিয়ে আসি।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত (স্যাকমো) সোহাগ হোসেন জানান, বর্তমানে শিশুটি সুস্থ রয়েছে।

দামুড়হুদায় নবাগত জেলা প্রশাসকের মতবিনিময় সভা

দামুড়হুদায় নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সাথে উপজেলার জনপ্রতিনিধি ও সরকারী কর্মকর্তাদের সাথে মতবিনিময়

সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
দামুড়হুদা উপজেলা নিবার্হী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্ব করেন।

সভায় বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু। বক্তব্য রাখেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আবু হেনা মোহাম্মদ জামাল শুভ, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলি, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতিএম নুরুন্নবী।

প্রধান অতিথি জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান বলেন, দেশের উন্নয়নে উন্নত শিক্ষার কোন বিকল্প নেই। প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় দেশ এগিয়ে যাচ্ছে। বতর্মান সরকার উন্নয়নের সরকার। সরকারের যে উন্নয়নের পরিকল্পনা বাস্তবায়নে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য সকলের প্রতি আহবান জানান।

তিনি দামুড়হুদা উপজেলাকে একটি গুরুত্বপূর্ণ উপজেলা হিসাবে সকল সময় দৃষ্টি রাখবেন। তিনি বলেন এই উপজেলাতে ডিসি ইকোপার্ক, এশিয়ায় মহাদেশের মধ্যে বৃহত কেরু এন্ড কোম্পানি অবস্থিত। কৃষিতেও ব্যাপক সফলতা অর্জন করেছে দামুড়হুদা উপজেলা। তিনি চুয়াডাঙ্গা জেলাকে একটি আত্মনির্ভরশীল জেলা হিসাবে গড়ে তুলতে উন্নয়নমূকল সকল কাজে বিশেষ গুরুত্ব দেবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

এ সময় উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ সাহিদা খাতুন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, আব্দুল ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা মহিলা কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার, উপজেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ইসহাক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ুব আলী, দর্শনা থানা অফিসার ইনচার্জ এম লুৎফুল কবীর, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, উপজেলা